সমকাল

তারিখ 05 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
## Bangladesh Madrasah Eduction Board, Dhaka.
www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১: (অংশ-১২)/১০৪৮ তারিখ: ০৩-০৮-২০১৬খ্রি:

## ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে আলিম একাদশ শ্রেণির (আলিম পরীক্ষা-২০১৮)
## রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত এবং ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে (আলিম পরীক্ষা-২০১৮) আলিম একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ও অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল বিভাগের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলী নিম্নে দেয়া হ'ল।

১। ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে আলিম একাদশ শ্রেণির রেজিস্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

২। e-SIF (Electronic Student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী:
একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। মাদরাসা প্রধানের তত্ত্বাবধানে যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ (অস্থায়ী) তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই-বাছাই করতে হবে। যাচাই-বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল (প্রয়োজনে শিক্ষার্থীর স্বাক্ষরসহ) তালিকা হাতে পাওয়ার পর নির্ধারিত তারিখের মধ্যে শুধুমাত্র এক বারের জন্য মাদরাসা প্রধান Confirm Passowed ব্যবহার করে Final Submission করবেন। Confirm Password ব্যবহার করার পর আর কোন শিক্ষার্থীর e-SIF পূরণ/এন্ট্রি করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি নির্ধারিত তারিখে জমা দানের জন্য প্রস্তুত করবেন। অন্য কপি মাদরাসা প্রধান সংরক্ষণ করবেন। e-SIF এর ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৩। ফি জমাদান এবং e-SIF পূরণ ও Submission এর তারিখ :

| ক্রমিক | বিষয় | |
|---|---|---|
| ক) | ভর্তি নিশ্চায়নকৃত শিক্ষার্থীর স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা T.T.Slip ওয়েবসাইট থেকে পাওয়ার পর রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর হতে টটলিষ্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের e-SIF পূরণ/এন্ট্রি করা যাবে। | |
| খ) | T.T.Slip পাওয়ার বিষয়ে কোন সমস্যা হলে T.T. কৃত সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক বি.এম.ই.বি শাখার মাধ্যমে দ্রুত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | |
| গ) | বিলম্ব ফি ছাড়া T.T.Slip বের করা ও রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার তারিখ | ০৭-০৮-২০১৬ থেকে ১৮-০৮-২০১৬ পর্যন্ত। |
| | বিলম্ব ফি ছাড়া T.T.Slip বের করা ও রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার তারিখ | ২২-০৮-২০১৬ থেকে ৩১-০৮-২০১৬ পর্যন্ত। |
| | পূরণকৃত e-SIF Submission এর তারিখ | ০১-০৯-২০১৬ থেকে ২৮-০৯-২০১৬ পর্যন্ত। |

৪। পূরণকৃত e-SIF -এর প্রিন্টআউট এর মূল কপি T.T.Slip টটলিস্ট, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও আলিম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র অথবা হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি, অনুমোদিত কমিটির প্রজ্ঞাপনের সত্যায়িত ফটোকপি এবং স্ব স্ব মাদরাসার প্যাডে আবেদন সহ ০৩(তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধান প্রতিস্বাক্ষর করে (বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফি সহ) ২৯-৯-২০১৬ তারিখের মধ্যে ঢাকা অঞ্চল মাদরাসা বোর্ডে এবং অন্যান্য অঞ্চল বোর্ডের আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ১ (এক) সেট রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

৫। একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি T.T. ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

৬। বোর্ড/আঞ্চলিক কার্যালয়ে দাখিল পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে (ফটোকপি মাদরাসায় সংরক্ষিত থাকবে) e-SIF Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তনজনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে প্রতিষ্ঠান (মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩০ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত করা যাবে। অনিয়মিত শিক্ষার্থী টি.সির জন্য আবেদন করতে পারবে না।

৭। পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন অথবা স্বীকৃতি বাতিল মাদরাসা সমূহে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন করা যাবে না। পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্ত অথবা স্বীকৃতি প্রাপ্ত কোন মাদরাসার অননুমোদিত কোন শাখায় অথবা কোন বিষয়ে ছাত্র/ছাত্রীর রেজিস্ট্রেশন করা যাবে না।
উল্লিখিত বিষয়ে কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারী মাদরাসার ক্ষেত্রে মাদরাসা প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ মাদরাসাটির এম.পি.ও ভুক্তি বাতিল এর সুপারিশ করা হবে এবং সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়/মহা-পরিচালক (মাউশি) কে অনুরোধ করা হবে।

৮। বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার সময় সীমা ২২-০৯-২০১৬খ্রি: তারিখ পর্যন্ত। e-SIF Submission এরপর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত বিভাগ ও বিষয় পরিবর্তন করা যাবে না (সাধারণ বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য নয়)।

P.T.O